

সূত্র

প্রিন্ট: ২৪ মার্চ ২০২৬, ০১:৩৭ পিএম

রাজনীতি

ঈদের ছুটিতে কর্মকর্তা-কর্মচারীদের প্রতি মাউশির বিশেষ নির্দেশনা

Advertisement



বাসস

প্রকাশ: ১৬ মার্চ ২০২৬, ০৭:১৭ পিএম



ফাইল ছবি।



সোমবার (১৬ মার্চ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সাধারণ প্রশাসন শাখার সহকারী পরিচালক মো. খালিদ হোসেন স্বাক্ষরিত এক অফিস আদেশে এই নির্দেশনা দেওয়া হয়।

এতে বলা হয়, ঈদ উপলক্ষ্যে অফিস বন্ধ হওয়ার আগে প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে নিজ কক্ষের বৈদ্যুতিক সুইচ, লাইট, ফ্যান ও কম্পিউটার বন্ধ করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

বিশেষ করে অগ্নিকাণ্ড ও যান্ত্রিক গোলযোগ এড়াতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বা এসির প্লাগ খুলে রাখার জন্য কঠোর নির্দেশ দেওয়া হয়েছে।

অফিস আদেশে আরও উল্লেখ করা হয়, দীর্ঘ ছুটিতে কোনো কক্ষে যাতে পচনশীল দ্রব্য থেকে দুর্গন্ধ না ছড়ায় এবং ওয়াশরুমসহ ভবনের কোথাও যাতে পানি জমে না থাকে সেদিকেও বিশেষ নজর দিতে হবে।

বিশেষ করে এডিস মশার প্রজনন রোধে পানি জমতে না দেওয়ার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে।